

জকসু নির্বাচন

‘মওলানা ভাসানী ব্রিগেড’ নামে ছাত্র ফ্রন্ট সমর্থিত প্যানেল ঘোষণা

জবি প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) নির্বাচনে ‘মওলানা ভাসানী ব্রিগেড’ নামে প্যানেলে ঘোষণা করেছে ছাত্র ফ্রন্ট সমর্থিত ক্রিয়াশীল ৯টি রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতারা।

আজ সোমবার (১৭ নভেম্বর) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের নিচতলায় এক সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন জবি ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক শামসুল আলম মারুফ। এতে ভিপি পদে মনোনীত হয়েছেন শাখা উদীচীর সভাপতি

গৌরব ভৌমিক ও জিএস পদে মনোনীত হয়েছেন শাখা ছাত্র ফ্রন্টের সভাপতি ইভান তাহসীব।

এ ছাড়া ২১ সদস্যের এ প্যানেলে সহ-সাধারণ সম্পাদক পদে মনোনীত হয়েছেন শামসুল আলম মারুফ, মুক্তিযুদ্ধ ও গণতন্ত্র সম্পাদক পদে খিজির আল সিফাত, শিক্ষা ও গবেষণা সম্পাদক পদে মশিউর রহমান ভুঁইয়া (জয়), বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে রিয়াদ হোসেন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক পদে নু মং প্রা মারমা, আইন ও মানবাধিকার সম্পাদক পদে আফিকা লেবিন মৌমি, আন্তর্জাতিক সম্পাদক পদে জোয়ান অফ আর্ক সুকন্যা, নারিত্য ও সংস্কৃতি সম্পাদক পদে সালমান সায়ক, ক্রীড়া সম্পাদক পদে মুফ্ফ আনন, পরিবহন সম্পাদক পদে মোহাম্মদ মাহিন, সমাজসেবা সম্পাদক পদে আমরিন জাহান অপি এবং পাঠাগার ও সেমিনার সম্পাদক পদে সায়্যিদা মুবাম্বিরা মনোনীত হয়েছেন।

এ ছাড়া ৭টি নির্বাহী সদস্য পদের মধ্যে সুমাইয়া আবেদীন রিতিকা, তাজওয়ার ইসলাম, সাগ্নিকা চক্রবর্তী, রৌদ মুক্তাদির, শাহরিয়ার আদিব,

রিতিকা (রিসি জাফরাত) ও পল্লব কুমার
মনোনীত হয়েছেন।

জানা গেছে, জোটবদ্ধ ৯টি সংগঠনের মধ্যে
রয়েছে—ছাত্র ফ্রন্ট, ছাত্র ইউনিয়ন, ছাত্র মৈত্রী,
উদীচী, সাংস্কৃতিক কেন্দ্র, রাষ্ট্রচিন্তা, চিন্তক,
ব্যান্ড মিউজিক অ্যাসোসিয়েশন ও জবি
রঙ্গভূমি। এদিন প্যানেল ঘোষণার সময়
সংগঠনের অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত
ছিলেন।